

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসন ও শৃঙ্খলা শাখা
www.cabinet.gov.bd

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৮.২৩.০০০১.২৪.১৩৬

বিষয়: স্বাধীনতা পুরস্কার ২০২৫ প্রদান-সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৫ মার্চ ২০২৫ মঙ্গলবার সকাল ১০:৩০ টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে স্বাধীনতা পুরস্কার ২০২৫ প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধান উপদেষ্টা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। আমন্ত্রিত অতিথিবৃন্দের নিকট যথাসময়ে আমন্ত্রণপত্র প্রেরণ করা হবে।

২। মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ নভেম্বর ২০১১ তারিখে জারিকৃত ৩৬০ সংখ্যক পরিপত্র অনুযায়ী স্বাধীনতা পুরস্কার প্রদান অনুষ্ঠানে ঢাকায় অবস্থানরত আমন্ত্রিত সরকারি কর্মকর্তাগণের উপস্থিতির বাধ্যবাধকতা রয়েছে (কপি সংযুক্ত)। এছাড়াও, জাতীয় অনুষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনার সুবিধার্থে আমন্ত্রিত কর্মকর্তাগণের উপস্থিতি/ অনুপস্থিতির বিষয়টি নিশ্চিতকরণের জন্য ২৯ মার্চ ২০১২ তারিখের ১১৫ সংখ্যক পরিপত্রে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে (কপি সংযুক্ত)।

৩। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্রসমূহের নির্দেশনা অনুযায়ী স্বাধীনতা পুরস্কার ২০২৫ প্রদান অনুষ্ঠানে আমন্ত্রিত তাঁর অধীনস্থ কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

- (১) কপি সংযুক্ত
- (২) কপি সংযুক্ত



১৩-০৩-২০২৫

মো. ইমরান হোসেন
সিনিয়র সহকারী সচিব
০২২২৩৩৮১২৯৫ (ফোন)
৯৫১৪৩৩৯ (ফ্যাক্স)

adm_dis_section@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৮.২৩.০০০১.২৪.১৩৬/১(৩)

২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১৩-০৩-২০২৫

মো. ইমরান হোসেন
সিনিয়র সহকারী সচিব